গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
মাঠ প্রশাসন-১ অধিশাখা
www.mopa.gov.bd

০৯ ভাদ্র, ১৪২৩
নম্বর-০৫.০০.০০০০.১৩৭.১৮.০২৩.১৩-৩৯৪ তারিখ:-----------------------
২৪ আগস্ট, ২০১৬

বিষয়: দ্বিতীয় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, ডিসেম্বর/২০১৬ এ অংশগ্রহণেচ্ছু প্রার্থীদের আবেদন পত্র প্রেরণ।

সূত্র: বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের পত্র নম্বর-৯৩, তারিখ: ০৮/০৮/২০১৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ে সূত্রে উল্লেখিত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৬ সালের দ্বিতীয় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক বিসিএস (প্রশাসন) ক্যাডারের প্রার্থীদের ২৮/০৮/২০১৬ থেকে ২৮/০৯/২০১৬ তারিখের মধ্যে অনলাইনে আবেদন দাখিলের পর আবেদনপত্রের 'প্রিন্টেড কপি' এবং সংশ্লিষ্ট কাগজপত্র এ মন্ত্রণালয়ের মাধ্যমে আগামী ১৮/১০/২০১৬ তারিখের মধ্যে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছে (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, উক্ত পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক তাঁর অধীনস্থ কর্মকর্তাদের আবেদন পত্র এবং সংশ্লিষ্ট কাগজপত্র যাচাই-বাছাইপূর্বক **আগামী ০৬/১০/২০১৬ তারিখের মধ্যে** বিশেষ বাহক মারফত জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন-১ অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০২(দুই) পাতা।

২৪/৮/১৬
খালেদা আখতার
উপসচিব
ফোন: ৯৫৭৪৫৫৯
fa1@mopa.gov.bd

১। কমিশনার, ...।
২। জেলা প্রশাসক, ...।

অনুলিপি:

১। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (দ্বিতীয় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, ডিসেম্বর/২০১৬ সংক্রান্ত বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

নং-৮০.১০৪.০৩৯.০০.০৬.২য়.২০১৬/৭২ তারিখঃ ৮/০৮/২০১৬খ্রিঃ।

বিষয়ঃ বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত ও নন-ক্যাডার কর্মকর্তাদের দ্বিতীয় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, ডিসেম্বর/২০১৬ গ্রহণ প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত ও নন-ক্যাডার কর্মকর্তাগণের ২০১৬ সনের দ্বিতীয় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা ডিসেম্বর, ২০১৬ মাসে অনুষ্ঠিত হতে পারে। পরীক্ষাসূচি যথাসময়ে দৈনিক পত্রিকায় এবং সরকারী কর্ম কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। **আগামী ২৮ আগস্ট দুপুর ১২.০০ঘটিকা থেকে ২৮ সেপ্টেম্বর ২০১৬ তারিখ দিবাগত রাত ১২.০০ ঘটিকার মধ্যে Online-এ আবেদনপত্র (Soft Copy) নির্ভুলভাবে পূরণ করে দাখিল করতে হবে।** Online-এ আবেদনপত্র দাখিলের পর শুধুমাত্র প্রিন্টেড কপি (hard copy) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে **আগামী ১৮ অক্টোবর, ২০১৬ খ্রিস্টাব্দের** মধ্যে অফিস চলাকালীন সময়ে অবশ্যই বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে পৌঁছাতে হবে। **উল্লিখিত তারিখের পর কমিশনে প্রাপ্ত আবেদনপত্র, কারণ যাই হোক না কেন, বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য, মন্ত্রণালয় হতে বিলম্বে আবেদনপত্র প্রেরণ ও নিয়ন্ত্রণকারী কর্মকর্তা আবেদনপত্র মন্ত্রণালয়ের মাধ্যমে না পাঠিয়ে সরাসরি সরকারী কর্মকমিশনে পাঠানোর কারণে অনেক কর্মকর্তার আবেদনপত্র বাতিল হয়ে যায় এবং এ সকল কর্মকর্তা পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ হতে বঞ্চিত হন।**

বিশেষ দ্রষ্টব্যঃ- যে সকল কর্মকর্তা নন-ক্যাডার থেকে বিসিএস ক্যাডারে অন্তর্ভুক্তি (এন ক্যাডার) করা হয়েছে তাদেরকে অবশ্যই সংশ্লিষ্ট আদেশ/প্রজ্ঞাপনের কপি আবেদনপত্র/হার্ডকপির সাথে সংযুক্ত করতে হবে অন্যথায় আবেদনপত্র/হার্ডকপি বাতিল বলে গণ্য করা হবে।

২। Online-এ আবেদনপত্রের form যথাযথভাবে পূরণ করতে হবে। আবেদনপত্রের প্রিন্টেড কপিতে (hard copy) আবেদনকারী এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের সীলসহ স্বাক্ষর থাকতে হবে। **উভয় কর্মকর্তার স্বাক্ষর ও সীলমোহর ব্যতীত পূরণকৃত আবেদনপত্র (hard copy) বাতিল বলে-গণ্য হবে।** প্রেরিত আবদনপত্র (hard copy) এবং আবেদনপত্রে লিখিত তথ্যসমূহ সঠিক এবং অবশ্যই ত্রুটিমুক্ত হতে হবে। যে কোন ধরনের ত্রুটিযুক্ত বা ভুল তথ্য সংবলিত আবদনপত্র (hard copy) সরাসরি বাতিল বলে গণ্য হবে। বিধি অনুযায়ী অযোগ্য আবেদনকারী এবং ভুল তথ্য প্রদানকারী প্রার্থীর আবেদনপত্র বা প্রার্থিতা বাতিল হবে। এ বিষয়ে সতর্ক থাকার জন্য আবেদনকারী, আবেদনকারীর উর্ধ্বতন কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিব/সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের মনোযোগ/ দৃষ্টি পুনরায় আকর্ষণ করা যাচ্ছে। শেষ মুহূর্তের জটিলতা এড়ানোর জন্য সর্বশেষ তারিখের জন্য অপেক্ষা না করে যথাসম্ভব দ্রুত Online-এ আবেদনপত্র দাখিল এবং পরবর্তীতে ম্যানুয়ালি তা মন্ত্রণালয়ে পাঠানোর জন্য প্রার্থীগণকে পরামর্শ দেওয়া হলো।

৩। **Online-এ BPSC Form-8 পূরণের নিয়মাবলি নিম্নরূপঃ-**
প্রার্থীকে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েব সাইট website: www.bpsc.gov.bd এর মাধ্যমে কর্ম কমিশন কর্তৃক নির্ধারিত আবেদন ফরম (Form) পূরণ করে Online Registration কার্যক্রম সম্পন্ন করতে হবে। এ ওয়েবসাইটটি ওপেন করলে দ্বিতীয় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, ডিসেম্বর/২০১৬ এর বাটনে Click করলে Notice, Instructions for Submitting Application, BPSC Form-8: eRegistration form এর Link দৃশ্যমান হবে। Noticeএর Link ক্লিক করলে ২য় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা ডিসেম্বর/২০১৬ এর বিজ্ঞপ্তি পাওয়া যাবে। ওয়েবসাইটে আবেদনপত্র পূরণের বিস্তারিত নির্দেশনা দেওয়া আছে। ফরম পূরণের পূর্বে প্রার্থীগণ Instruction for submitting Application --এ click করে Instruction অংশটি ভাল করে পড়বেন। BPSC Form-8 এর ৪(চার) টি Section রয়েছে। Section-1: Personal Details, Section-2: Service Related Information, Section-3: Examination Related Information, Section-4: Others ছবি এবং স্বাক্ষর প্রদানের জন্য পৃথক নির্দেশাবলি রয়েছে। প্রতিটি নির্দেশনা এবং BPSC Form-8 এর প্রতিটি Field এ প্রদত্ত তথ্য নির্দেশনা অনুসরণ করে Form পূরণ করতে হবে। এ জন্য প্রার্থীদের National ID card এর নম্বর, ছবি{**ইমেজ ৩০০×৩০০ পিক্সেল (Pixels), ফাইল সাইজ ১০০ কেবি এর নিচে} এবং স্বাক্ষর{ইমেজ ৩০০×৮০ পিক্সেল (Pixels),ফাইল সাইজ ৬০ কেবি এর নিচে}** প্রয়োজন হবে।

৪। প্রার্থীকে অবশ্যই কমিশন কর্তৃক Online-এর নির্ধারিত ফরমে Online-এ আবেদন করতে হবে। Online-এ আবেদনপত্রের প্রিন্টেড কপি (hard copy) ব্যতীত অন্য ধরনের আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না অথবা পূর্বের আবেদনপত্রে আবেদন করলে সেক্ষেত্রে বাতিল বলে গণ্য হবে।

৫। Website এ Online এ Application করার Details নির্দেশাবলি দেওয়া আছে।

৬। পরীক্ষা অনুষ্ঠানের পূর্বে যোগ্য এবং অযোগ্য প্রার্থীর তালিকা কর্ম কমিশনের ওয়েবসাইটে পাওয়া যাবে। যোগ্য প্রার্থীর তালিকা পরবর্তী সময়ে প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে জানানোর পর প্রার্থীগণকে কমিশনের ওয়েবসাইট হতে download করে পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহ করতে হবে। **Online-এ আবেদনপত্র ফরম পূরণে কোন সমস্যা হলে e-mail:bpscsupport@promiti.com এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।**

০৮/০৮/১৬

(মোঃ আবিদুর রহমান)
পরিচালক(যুগ্ম-সচিব)